

পাকিস্তানে নিজস্ব ভবনে বাংলাদেশ হাইকমিশন

- A Monitor Desk Report

Date: 02 October, 2025



ঢাকা: পাকিস্তানের ইসলামাবাদে বাংলাদেশ হাইকমিশন নতুন ভবনে কার্যক্রম শুরু করেছে।

বুধবার (১ অক্টোবর) থেকে বাংলাদেশ হাইকমিশন ইসলামাবাদের ডিপ্লোম্যাটিক এনক্লোজিউর নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়ে কার্যক্রম চালু করেছে।

ফেসবুক পেজে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ।

হাইকমিশনের নতুন ঠিকানা হলো-বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ; ব্লক-১৫, রাস্তা নং-৩৩, ডিপ্লোম্যাটিক এনক্লোজিউ, ইসলামাবাদ-৪৪০০০।

যোগাযোগের জন্য ফোন: ০৫১-২২৭৯২৬৭, ফ্যাক্স: ০৫১-২২৭৯২৬৬ এবং ই-মেইল: mission.islamabad@mofa.gov.bd

হাইকমিশনের কনস্যুলার সার্ভিসসহ সকল সেবা উপর উল্লিখিত ঠিকানা থেকে দেওয়া হচ্ছে বলে এক বার্তায় জানানো হয়েছে।

-B